# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 19-09-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কারের ফলে দেশের মানুষ উপকৃত হবেন।।

২) পর্যটনের পর লজিস্টিক্সকেও শিল্পের মর্যাদা দিয়েছে রাজ্য সরকার।।

৩) ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে মুর্শিদাবাদে অশান্তিতে ক্ষতিগ্রস্তদের রাজ্য সরকার কবে ক্ষতিপূরণ দেবে তা জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট।।

৪) নির্বাচন সংক্রান্ত কাজকে আরও মসৃণভাবে এগিয়ে নিয়ে যেতে নির্বাচন কমিশন একটি নতুন পোর্টাল চালু করেছে।

৫) চিংড়িঘাটায় আটকে থাকা মেট্রো রেল প্রকল্পের জট কেটেছে। নভেম্বরের দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহ থেকেই কাজ শুরুর জন্য রোড ব্লকের প্রস্তাব রাজ্য সরকারের।।

oooooooooooooooooooo

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, পরবর্তী প্রজন্মের GST সংস্কারের ফলে দেশের প্রতিটি মানুষ উপকৃত হবেন। এছাড়াও এই হার কমার ফলে দেশের অর্থনীতিতে আরও অন্তত দু লক্ষ কোটি টাকা অন্তর্ভুক্ত হবে। তিনি গতকাল কলকাতার জাতীয় গ্রন্থাগারের ভাষাভবণে পরবর্তী প্রজন্মের পণ্য পরিষেবা কর কমিটির বৈঠকে বলেন, মহালয়ার পরের দিন থেকেই এই পরিবর্তিত GST হার কার্যকর হতে চলেছে। বাংলা সবার থেকে এগিয়ে - এই পরিসংখ্যান দিয়ে তিনি বলেন GST- র এই পরিবর্তন বাংলার মানুষকে পুজোর উপহার।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

অনুষ্ঠানে রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, বিশিষ্ট অর্থনীতিবিদ বিধায়ক অশোক লাহিড়ী, স্বপন দাশগুপ্ত, দীনেশ ত্রিবেদী প্রমুখ উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooo

জি এস টি হারে পরিবর্তন ও সরলীকরণ এবং বাজেটে প্রত্যক্ষ কর ছাড়, দেশের সাধারণ মানুষের আয় বাড়িয়েছে বলে অর্থ মন্ত্রকের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ডক্টর ভি অনন্ত নাগেশ্বরণ অভিমত ব্যক্ত করেছেন । পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার দেশের জিডিপি বৃদ্ধিতেও সাহায্য করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

ডক্টর নাগেশ্বরণ গতকাল ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন, বিগত ৬ বছরে দেশের রেকর্ড পরিমাণ অর্থনৈতিক উন্নয়ন হয়েছে। এই উন্নয়নের ফলে মুদ্রাস্ফীতি কমেছে ।

চলতি অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে রেকর্ড GDP বৃদ্ধির পর দ্বিতীয় ত্রৈমাসিকেও একই পরিমাণ রেকর্ড হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার -কে বাংলামুখি বলে দাবি করেছেন। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন,বাংলার কথা ভেবে প্রধানমন্ত্রী এই জিএসটি রিফর্ম চালু করেছেন।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০

পর্যটনের পরে লজিস্টিক্সকেও শিল্পের মর্যাদা দিল রাজ্য সরকার। ২০২৩ সালে লজিস্টিক্স নীতি তৈরী হয়েছিল। এবার শিল্পের মর্যাদাও দেওয়া হলো। এরফলে রাজ্যে কর্ম সংস্থানের সুযোগ ও বাড়বে।

গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে তাজপুর, ডানকুনি, রঘুনাথপুর অর্থনৈতিক করিডোরের আশেপাশে শিল্প স্থাপনের জন্য শিল্প উন্নয়ন নিগমকে ২০০ একর জমি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া নিউটাউন কলকাতা উন্নয়ন সংস্থা জন্য নতুন ১৫-টি পদ সৃষ্টি করার প্রস্তাবেও অনুমোদন দেওয়া হয়েছে।

আসন্ন দুর্গাপুজোর দিনগুলিতে কোনরকম অশান্তি এড়াতে ও সম্প্রীতি রক্ষায় স্থানীয়দের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলার জন্য রাজ্য সরকার মন্ত্রিসভার সদস্যদের নির্দেশ দিয়েছে। মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কোনরকম প্ররোচনায় পা না দেওয়ার পাশাপাশি উস্কানিমূলক বা বিতর্কিত মন্তব্য না করারও নির্দেশ দিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে মূর্শিদাবাদে অশান্তিতে ক্ষতিগ্রস্তদের রাজ্য সরকার কবে ক্ষতিপূরণ দেবে তা জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি

সৌমেন সেন এবং বিচারপতি রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চ আগামী এক সপ্তাহের মধ্যে রাজ্যকে এবিষয়ে আদালতকে অবহিত করতে বলেছে। পাশাপাশি পুজোর আগেই যাতে ক্ষতিগ্রস্তরা ক্ষতিপূরণের টাকা পেয়ে যান, সেবিষয়েও রাজ্যের পদক্ষেপ করা উচিত বলে বিচারপতিদের অভিমত। পাশাপাশি মুর্শিদাবাদের সামশেরগঞ্জে ক্ষতিগ্রস্ত এলাকায় কেন্দ্রীয় বাহিনীর ক্যাম্প থাকবে বলেও নির্দেশ আদালতের।

oooooooooooooooooooo

মালদার ভূতনিতে বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ বন্যায় মৃতদের পরিবার ও ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দিতে রাজ্য সরকার কি পদক্ষেপ নিচ্ছে, তাও জানতে চেয়েছে। পাশাপাশি ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন, তাদের প্রয়োজনীয় আশ্রয়, খাদ্যদ্রব্য এবং ওষুধের ব্যবস্থা রাজ্যকেই করতে হবে বলে নির্দেশ দিয়েছে আদালত। কিভাবে বছরখানেক আগে তৈরি বাঁধ ভেঙে গেলে, সেই বিষয়টিও অনুসন্ধান করে ২ সপ্তাহের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। পরবর্তী শুনানি নভেম্বর মাসে।

ooooooooooooooooooooo

ভারতীয় সংবিধানে ব্রেইল সংস্করণ এবার রাজ্য বিধানসভার গ্রন্থাগারে জায়গা পাবে। ন্যাশনাল ইনস্টিটিউট অফ জুরিডিকেল সায়েন্সেসের উপাচার্য ডক্টর নির্মলকান্তি চক্রবর্তী গতকাল বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের হাতে সংবিধানের ব্রেইল সংস্করণ তুলে দেন। শিক্ষা প্রতিষ্ঠানটির রজত জয়ন্তী উপলক্ষে এই উদ্যোগ বলে জানা গেছে।

oooooooooooooooooooo

নির্বাচন সংক্রান্ত কাজকে আরও মসৃনভাবে এগিয়ে নিয়ে যেতে ভোটের কাজে যুক্ত কর্মীদের জন্যে নির্বাচন কমিশন একটি নতুন পোর্টাল চালু করেছে। emms.wb.gov.in নামে এই পোর্টালটির গতকাল ভার্চুয়াল উদ্বোধন করেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল।

উল্লেখ্য আগামী বিধানসভা নির্বাচনে রাজ্যে প্রায় ১৪ হাজার ভোট গ্রহন কেন্দ্রের সংখ্যা বৃদ্ধির ফলে বুথ লেভেল আধিকারিক সহ ৩২ হাজার অফিসের যাবতীয় তথ্য এই পোর্টালে সংরক্ষিত করা হবে বলে সিইও দপ্তর সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooooooo

সেবা পর্ব কর্মসূচির অধীনে আজ শুনবেন বিশেষ আলোচনা জাতীয় শিক্ষা নীতি ও বিদ্যালয় শিক্ষা ব্যবস্থা। পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় ব্যারাকপুর (আর্মি) র প্রিন্সিপাল অসীম নাথের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত ১০ টায় গীতাঞ্জলি ও DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া পেজ-এ।

oooooooooooooooooooo

চিংড়িঘাটায় আটকে থাকা মেট্রো রেল প্রকল্পের জট কেটেছে। নভেম্বরের দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহ থেকেই কাজ শুরু করার জন্য রাজ্য সরকার রোড ব্লকের প্রস্তাব দিয়েছে বলে জানা গেছে। এবিষয়ে কলকাতা হাইকোর্টে রিপোর্ট জমা দিয়েছে রেল বিকাশ নিগম লিমিটেড। বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চে রেলের আইনজীবী জানিয়েছেন গত ৯-ই সেপ্টেম্বর এবিষয়ে একটি বৈঠক হয়। রাজ্য সরকারের প্রস্তাবে সব পক্ষই সম্মতি জানিয়েছে। সবকিছু ঠিকঠাক চললে ৯

মাসের মধ্যে অর্থাৎ ২০২৬-এর সেপ্টেম্বর মাসে বেলেঘাটা থেকে আই টি সেন্টার পর্যন্ত কাজ সম্পন্ন হয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০

শারদোৎসবে ভেজাল, স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক ও নিম্নমানের খাবার বিক্রি রুখতে এবং এবিষয়ে মানুষের মধ্যে সচেতনতা তৈরিতে পুরসভার স্বাস্থ্য বিভাগ গতকাল কলকাতায় বিশেষ অভিযান চালায়। উত্তর কলকাতার হেদুয়া থেকে শ্যামবাজার পর্যন্ত বিভিন্ন রেস্তোঁরা ও ফুডস্টলে অভিযান চল। কি ধরনে সরঞ্জাম ব্যবহার করে রান্না করা হচ্ছে, তাও খতিয়ে দেখা হয়। কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ এবং খাদ্য পরিদর্শকরা এই অভিযানে সামিল হন।

০০০০০০০০০০০০০০০০০০

রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার, কলকাতা ও সংলগ্ন এলাকায় সম্পত্তির সার্কেল রেট বৃদ্ধি করেছে। অর্থ দপ্তর এর এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ১৫ থেকে ৯০ শতাংশ পর্যন্ত এলাকা ভিত্তিক এই হার বৃদ্ধি করা হয়েছে । গতকাল থেকেই তা কার্যকর হয়েছে।

এরফলে স্ট্যাম্প ডিউটি ও জমি, বাড়ি বা ফ্ল্যাট কেনার রেজিস্ট্রেশন খরচ বাড়তে পারে।

উল্লেখ্য এর আগে রাজ্য সরকার ২০১৮ সালে সার্কেল রেট বৃদ্ধি করেছিল।

০০০০০০০০০০০০০০০০০

কুড়মি সম্প্রদায়কে তপশিলি উপজাতি তালিকাভুক্তি ও বিশেষ সুযোগ সুবিধার দাবিতে আগামীকাল বিশে সেপ্টেম্বর থেকে ডাকা লাগাতার " রেল ও রাস্তা রোকো

"কর্মসূচিতে যাতে সাধারণ মানুষের কোন অসুবিধা না হয় তা সুনিশ্চিত করার জন্যে কলকাতা হাইকোর্ট  রাজ্যকে নির্দেশ দিয়েছে।

এই কর্মসূচির বিরুদ্ধে পুরুলিয়া শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষ থেকে কলকাতা হাইকোর্টে যে জনস্বার্থ মামলা দায়ের করা হয় তার শুনানিতে দুই বিচারপতি সুজয় পাল ও স্মিতা দাস দে'র ডিভিশন বেঞ্চ গতকাল এই নির্দেশ দেন। বেঞ্চ বলেছে, ২০২৩ সালের ১৯ সেপ্টেম্বর কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ রাজ্যকে যে নির্দেশ দিয়েছিল সেই মতই এবারেও শান্তি শৃঙ্খলা রক্ষায় রাজ্যকে পদক্ষেপ করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বকর্মা প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে আজও চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। শিয়ালদা – বিবাদিবাগ এবং বিবাদিবাগ-বারুইপুর লোকাল বাতিল থাকছে। তিনজোড়া ট্রেনের যাত্রপথ সংক্ষিপ্ত করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের ২-১-টি জেলায় আজ ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিম মেদিনীপুর, দুই বর্ধমান, বীরভূম, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় ২-১-টি স্থানে বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০